গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

আগস্ট/২০২২ মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আমিনুল ইসলাম<br>মহাপরিচালক (অতিরিক্ত সচিব) |
| সভার তারিখ | ১৩ সেপ্টম্বর, ২০২২ |
| সভার সময় | সকাল ১১ঃ৩০ ঘটিকা |
| স্থান | বিপিআই সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | সংযুক্তি ‘ক’ |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।


২। অতঃপর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১। | **বিগত সভার কার্যবিবরণীর সংশোধনী**<br><br>সভার প্রারম্ভে গত জুলাই মাসের সমন্বয় সভার কার্যবিবরণীতে কোনোরূপ সংশোধনীর প্রয়োজন আছে কিনা তা জানতে চাওয়া হলে কোনো সংশোধনীর প্রয়োজন না থাকায় বিগত সভার কার্যবিবরণী দৃঢ় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | কোনো সংশোধনী না থাকায় বিগত মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। | ১।পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)<br><br>২। সহকারী পরিচালক, প্রশাসন শাখা |
| ২। | **বিপিআই- এর বিভিন্ন মাসিক বিল প্রদান**<br><br>সভায় আগস্ট, ২০২২ মাসের বিদ্যুৎ, গ্যাস, টেলিফোন, পানি, Wifi ইত্যাদি বিল যথাসময়ে পরিশোধ করা হয়েছে কিনা জানতে চাওয়া হলে উপস্থিত সংশ্লিষ্ট কর্মকর্তা জানান, নির্ধারিত সময়ের মধ্যে বিলসমূহ পরিশোধের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। | যথাসময়ে বিদ্যুৎ, গ্যাস, টেলিফোন, পানি, Wifi ইত্যাদি বিলসমূহ পরিশোধের ধারা অব্যাহত রাখতে হবে। | ১। পরিচালক<br><br>২। সহকারী পরিচালক, হিসাব শাখা |

| | | | |
|---|---|---|---|
| ৩। | **<u>প্রশাসন শাখার মাসিক ও পাক্ষিক প্রতিবেদন প্রেরণ</u>**<br><br>সভায় জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ হতে চাহিত তথ্যাদি ও প্রশাসনিক বিবিধ প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে জানতে চাওয়া হয়। বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশাসন) সভাকে জানান, আগস্ট মাসের মাসিক ও পাক্ষিক প্রতিবেদনসমূহ মন্ত্রণালয়ে যথাসময়ে প্রেরণ করা হয়েছে এবং সকল প্রাপ্ত চিঠি নিষ্পত্তি করা হয়েছে। যথাসময়ে প্রতিবেদন ও পত্র নিষ্পত্তির জন্য সভাপতি মহোদয় এ সংশ্লিষ্ট সকল কর্মকর্তাগণকে ধন্যবাদ জ্ঞাপন করেন। | যথাসময়ে প্রতিবেদন ও পত্র নিষ্পত্তির ধারা অব্যাহত রাখতে হবে। | ১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)<br><br>২। বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রশাসন শাখা |
| ৪। | **<u>হিসাব শাখার যাবতীয় কার্যক্রম</u>**<br><br>সভায় হিসাব শাখার পেন্ডিং প্রতিবেদন বিষয়ে জানতে চাওয়া হলে সহকারী পরিচালক (হিসাব শাখা) জনাব মোঃ রুবেল হোসেন সভাকে জানান, হিসাব শাখার আগষ্ট মাসের মাসিক ও পাক্ষিক প্রতিবেদনসমূহ যথাসময়ে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে । যথাসময়ে প্রতিবেদন প্রেরণের জন্য সভাপতি মহোদয় এ সংশ্লিষ্ট সকল কর্মকর্তাগণকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং এ ধারা অব্যাহত রাখার পরামর্শ প্রদান করেন। | ক) আর্থিক প্রতিবেদনসমূহ যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করার ধারা অব্যাহত রাখতে হবে।<br><br>খ) হিসাব শাখা থেকে ই-নথি উপস্থাপন শুরু করতে হবে। | ১। সহকারী পরিচালক, হিসাব শাখা। |
| ৫। | **<u>৯ম গ্রেডে সরাসরি নিয়োগপ্রাপ্ত হওয়ায় একটি অগ্রিম বেতন বৃদ্ধি প্রাপ্তির অগ্রগতি</u>**<br><br>সভায় বিগত সমন্বয় সভায় উত্থাপিত ৯ম গ্রেডে সরাসরি নিয়োগপ্রাপ্ত হওয়ায় একটি অগ্রিম বেতন বৃদ্ধির অগ্রগতি সম্পর্কে জানতে চাওয়া হলে সহকারী পরিচালক (হিসাব শাখা) জনাব মোঃ রুবেল হোসেন জানান অগ্রিম বেতন বৃদ্ধি  সংক্রান্ত বিষয়ে অর্থ ও জ্বালানি বিভাগ থেকে সম্মতি পাওয়া গেছে। অগ্রিম বেতন বৃদ্ধির অগ্রগতি সম্পর্কে ইতোমধ্যে অফিস আদেশ করা হয়েছে ও পরবর্তি কার্যক্রম চলমান রয়েছে। | দ্রুত অগ্রিম বেতন বৃদ্ধি সংক্রান্ত কাজের সমন্বয় করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)<br><br>২। সহকারী পরিচালক (হিসাব শাখা) |
| ৬। | **<u>বিপিআই-এর শুন্যপদে নিয়োগ সংক্রান্ত।</u>**<br><br>বিপিআই এর শূন্য পদে কর্মকর্তা নিয়োগ সংক্রান্ত কাজের অগ্রগতি সম্পর্কে জানতে চাওয়া হলে পরিচালক (প্রঃ ও প্রঃ) জানান শূন্য পদের নিয়োগ বিজ্ঞপ্তির  আবেদনপত্র ইতোমধ্যে গ্রহণ ও যাচাই বাছাই এর কার্যক্রম সম্পন্ন করা হয়েছে।আগামি ১লা অক্টোবর নিয়োগ পরীক্ষার সম্ভ্যব তারিখ নির্ধারন করা হয়েছে। | নিয়োগ পরীক্ষার কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)<br><br>২। বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশাসন শাখা) |
| ৭। | **<u>প্রশিক্ষণ শাখার যাবতীয় কার্যক্রম</u>**<br><br>সভায় আগস্ট মাসে অনুষ্ঠিত প্রশিক্ষণ কার্যক্রম এর অগ্রগতি সম্পর্কে জানতে চাওয়া হলে নাউর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (জনাব মোঃ সাহিদুজ্জামান) জানান, বিপিআই-এ আগষ্ট, ২০২২ মাসে ৪টি প্রশিক্ষণ সফলভাবে আয়োজন করা হয়। উক্ত প্রশিক্ষণ/কর্মশালায় মোট ১৩৬ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করে। সভাপতি মহোদয় প্রশিক্ষণ সংশ্লিষ্ট সকল কর্মকর্তাগণকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং এ ধারা অব্যাহত রাখার পরামর্শ প্রদান করেন। | অনুরোধের প্রশিক্ষণ/কর্মশালা সহ প্রশিক্ষণ ক্যালেন্ডার অনুযায়ী সকল প্রশিক্ষণ কার্যক্রম নিয়মিতভাবে পরিচালনার এ ধারা অব্যাহত রাখতে হবে।<br><br>খ) গবেষনা শিরোনাম সম্পর্কিত ওয়ার্কশপের পরবর্তী কার্যক্রেম দ্রুত সম্পন্ন করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)<br><br>২। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা<br><br>৩। বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ) |

| | | | |
|---|---|---|---|
| ৮। | **ভবিষ্য তহবিলের অগ্রগতি**<br><br>ভবিষ্য তহবিলের অগ্রগতি সম্পর্কে জানতে চাওয়া হলে সংশ্লিষ্ট উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (জনাব মোঃ সাহিদুজ্জামান) জানান,এ বিষয়ে অর্থ মন্ত্রনালয়ে চিঠি প্রেরণ করা হয়েছে। সভাপতি অর্থ বিভাগের যোগাযোগের মাধ্যমে ভবিষ্য তহবিলের অগ্রগতি পরবর্তী সমন্বয় সভায় অবহিত করার নির্দেশনা প্রদান করেন। | অর্থ বিভাগের যোগাযোগের মাধ্যমে ভবিষ্য তহবিলের অগ্রগতি পরবর্তী সমন্বয় সভায় অবহিত করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)<br><br>২। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা। |
| ৯। | **<u>বর্তমান বৈশ্বিক পরিস্থিতি বিবেচনায় বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়</u>**<br><br>সভায় বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয় এর অগ্রগতি সম্পর্কে জানতে চাওয়া হলে সংশ্লিষ্ট কর্মকর্তা জানান বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ে সচেতনতা বৃদ্ধিতে ইতোমধ্যে বিভিন্ন শখায় নির্দেশনা প্রদান করা হয়েছে এবং নিয়মিত পর্যবেক্ষণ করা হচ্ছে। প্রতি সপ্তাহের ১ম কর্মদিবস রবিবারে বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয় সম্পর্কিত প্রতিবেদন জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ অব্যাহত রয়েছে। | বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয় এর অগ্রগতি সম্পর্কে সভাপতি সন্তোষ প্রকাশ করেন। বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ে নিয়মিত পর্যবেক্ষণ অব্যাহত রাখতে হবে। | ১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)<br><br>২। বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশাসন শাখা) |

৩। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ আমিনুল ইসলাম
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

স্মারক নম্বর: ২৮.০৪.০০০০.০০৩.০৬.০০১.১৭.১৫৩

তারিখ: ৩১ ভাদ্র ১৪২৯
১৫ সেপ্টেম্বর ২০২২


বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ), প্রশাসন ও প্রশিক্ষণ অনুবিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
২) উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রশিক্ষণ অধিশাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
৩) বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রশিক্ষণ অধিশাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
৪) বৈজ্ঞানিক কর্মকর্তা, ডাটা ম্যানেজমেন্ট অনুবিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
৫) বৈজ্ঞানিক কর্মকর্তা, রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট (আর এন্ড ডি) অনুবিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
৬) সহকারী পরিচালক, হিসাব শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
৭) সহকারী পরিচালক, ভান্ডার শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
৮) সহকারী পরিচালক, সাধারণ প্রশাসন শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
৯) বৈজ্ঞানিক কর্মকর্তা, মাইনিং ইঞ্জিনিয়ারিং শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
১০) বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রোডাকশন,প্রসেসিং এন্ড ডিস্ট্রিবিউশন টেকনোলজিস শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

১১) বৈজ্ঞানিক কর্মকর্তা, ড্রিলিং এন্ড ওয়েল ডেভেলপমেন্ট টেকনোলজি শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

১২) বৈজ্ঞানিক কর্মকর্তা, ডাটা প্রসেসিং,আইটি এন্ড ব্যুরো সার্ভিস শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

১৩) সহকারী পরিচালক, গ্রন্থাগার শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট



মোঃ আমিনুল ইসলাম
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)